ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৩৯
কুমারঘাট, ৩০ আগস্ট, ২০২৫

**কুমারঘাট পুর পরিষদ এলাকায় ড্রেন ও রাস্তা নির্মাণর কাজ শুরু হচ্ছে**

মানুষের চলাচলের সুবিধার্থে ও নিকাশি ব্যবস্থার সুবন্দোবস্ত করতে কুমারঘাট পুর পরিষদের নিরন্তন উদ্যোগ জারি রয়েছে। মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্পে ও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে পুর এলাকার বিভিন্ন ওয়ার্ডে খুব শীঘ্রই অনেকগুলো আরসিসি রোড, ড্রেন ও পেভার ব্লকের রাস্তা নির্মাণের কাজ শুরু হবে। মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্পে ১নং ওয়ার্ডে ৮০ মিটারের একটি আরসিসি রাস্তা নির্মাণে ব্যয় করা হবে ১১ লক্ষ ৯০ হাজার ৮৬৭ টাকা। এই প্রকল্পে ১১ নং ওয়ার্ডে ১৩০ মিটার একটি পেভার ব্লক রাস্তা সহ আরসিসি ড্রেন নির্মাণে ব্যয় করা হবে ১৮ লক্ষ ৭ হাজার ৯১৬ টাকা। ১৪নং ওয়ার্ডে ১২০ মিটারের একটি পেভার ব্লক রাস্তা সহ আরসিসি ড্রেন নির্মাণে ব্যয় করা হবে ১৬ লক্ষ ৪০ হাজার ৮৪০ টাকা। অপরদিকে, একই প্রকল্পে কুমারঘাট পুর পরিষদ এলাকার ১০,১৪, ও ১৫ নং ওয়ার্ডে মোট ২৫০ মিটার নতুন আরসিসি ড্রেন নির্মাণ করার জন্য ব্যয় করা হবে ২৫ লক্ষ ৮৯ হাজার ৬৫১ টাকা। একই ভাবে পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ১ নং ওয়ার্ডে ১২০ মিটার আরসিসি ড্রেন নির্মাণের জন্য ৬ লক্ষ ৪৫ হাজার ৩১২ টাকা এবং ৮ নং ওয়ার্ডে ১২০ মিটার পেভার ব্লক রাস্তা ও আরসিসি ড্রেন নির্মাণের জন্য ১৮ লক্ষ ৮১ হাজার ৪৩৭ টাকা ব্যয় করা হবে। ইতিমধ্যে উল্লেখিত উন্নয়ন কাজের ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছে। খুব শীঘ্রই কাজগুলো শুরু হবে বলে পুর পরিষদ থেকে জানানো হয়েছে।

*****